

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৩২

আগরতলা, ৭ নভেম্বর, ২০২৪

মিডিয়া অ্যাডভাইজরি কমিটির প্রথম সভায় মুখ্যমন্ত্রী
রাজ্য সরকার চায় সংবাদমাধ্যমের সঙ্গে
সরকারের একটা সুদৃঢ় সম্পর্ক গড়ে উঠুক

আজ রাজ্য অতিথিশালায় নবগঠিত মিডিয়া অ্যাডভাইজরি কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মুখ্যমন্ত্রী তথা মিডিয়া অ্যাডভাইজরি কমিটির চেয়ারম্যান প্রফেসর (ডা.) মানিক সাহা। সভায় মিডিয়া অ্যাডভাইজরি কমিটির সদস্য রাজ্যের বরিষ্ঠ সম্পাদক ও সাংবাদিকগণ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব এবং অধিকর্তা উপস্থিত ছিলেন। সভায় সংবাদমাধ্যম ও সাংবাদিকদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, রাজ্য সরকার চায় সংবাদমাধ্যমের সঙ্গে সরকারের একটা সুদৃঢ় সম্পর্ক গড়ে উঠুক। মিডিয়া অ্যাডভাইজরি কমিটি গঠন হওয়ায় সংবাদমাধ্যমের প্রতিনিধিগণ বিস্তারিতভাবে তাদের নিজস্ব মতামত প্রকাশ করতে পারছেন। রাজ্যের বর্তমান সরকার সংবাদমাধ্যম ও সাংবাদিকদের সমস্যা নিরসনে আন্তরিক। সাহিত্য ও সংস্কৃতির মতো সংবাদমাধ্যমের উন্নতির মাধ্যমেই রাজ্যকে শ্রেষ্ঠ রাজ্যে পরিণত করা সম্ভব হবে। মুখ্যমন্ত্রী বলেন, সভায় উত্থাপিত বিভিন্ন সমস্যা ও প্রস্তাব নিয়ে খোলামেলা আলোচনা হয়েছে, যা আগামীদিনে কাজের ক্ষেত্রে সুবিধা হবে। সভায় মুখ্যমন্ত্রী সংবাদমাধ্যমের সঙ্গে নতুন প্রজন্মের যুবক যুবতীদের যুক্ত করার উপর গুরুত্ব আরোপ করেন।
